



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ:

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় : কৃষি শিক্ষা এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের (শাখা-৯, কলেজ-৪) ০৭-১০-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০১.০০০৪.২০১৫-৩৯১ নং স্মারক পত্র।
খ) অধ্যক্ষ মহোদয়ের ০৮-১০-২০১৫ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-২৬৫৮) আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আলোচ্য কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য কৃষি শিক্ষা এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি :

- ১। কলেজটি স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নিত করতে হবে।
- ৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিও ভুক্ত করা যাবে না।
- ৪। কলেজের কোন শাখা-ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৫। NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে এ ক্ষেত্রে মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে।
- ৬। উক্ত অনুমোদন অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৮। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১০। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এই পাঠদান বাতিল বা স্থগিত করতে পারে।
- ১১। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ১২। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ১৩। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ
ফুলতলা মহিলা ডিগ্রী কলেজ
ডাক+উপজেলা : ফুলতলা, খুলনা।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।
ফোন নং-০৪২১-৬৮৬৩৮।

স্মারক নং-ক/অ/ ১২২ (৭)/৪

তারিখ: ১৬/১০/১৫

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস কপি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

তারিখ: ১৬/১০/১৫